৭৭

দৈনিক বাংলা

তারিখ 23 AUG 1994
পৃষ্ঠা ৮ কলাম ৭

কর্তৃপক্ষের অনুসন্ধান অভিযান চলবে

# ঢাকা ভার্সিটিতে ১৪ ছাত্রের অবৈধ ভর্তি বাতিল

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ঢাকা ভার্সিটি কর্তৃপক্ষ ঢাকা ভার্সিটিতে অবৈধভাবে ভর্তি হওয়া ছাত্রদের চিহ্নিত করার অভিযান শুরু করেছেন। ইতিমধ্যে ১৪ জনকে শনাক্ত করার পর তাদের ভর্তি বাতিল করা হয়েছে।

বিশ্বস্ত সূত্রে জানা গেছে, এ বছর সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছুক কিছু ছাত্র ভর্তি পরীক্ষায় কৃতকার্য না হয়েও ভার্সিটির এক শ্রেণীর দুর্নীতিবাজ কর্মচারীদের ঘুষ দিয়ে ভর্তি হয়। ভার্সিটি প্রশাসন এ ঘটনা জানতে পেরে ঐসব ছাত্রের বিরুদ্ধে কারণ দর্শানো নোটিশ জারি করেন। নোটিশে ভর্তির বৈধ কাগজপত্র দেখানোর নির্দেশ দেয়া হয়। গত ১৭ জুলাই ছিল শেষ সময়। তারা এ সময়ের মধ্যে কাগজপত্র দেখাতে ব্যর্থ হলে কর্তৃপক্ষ ঐ ১৪ জনের ভর্তি বাতিল করেন।

এদের ১২ জন জহুরুল হক হল ও বাকি ২ জন শহিদুল্লাহ হলের ছাত্র বলে জানা গেছে। ভার্সিটি কর্তৃপক্ষ এভাবে অবৈধভাবে ভর্তি হওয়া আরো ছাত্রছাত্রী সম্পর্কে অনুসন্ধান শুরু করেছেন বলে সূত্র জানান।